

রাশিয়ান ফেডারেশনের প্রেসিডেন্টের সাথে সাক্ষাৎ করেন প্রধানমন্ত্রী (01 সেপ্টেম্বর, 2025)

01 সেপ্টেম্বর, 2025

চীনের তিয়ানজিনে সাংহাই সহযোগিতা সংগঠনের শীর্ষ সম্মেলনে রাশিয়ান ফেডারেশনের প্রেসিডেন্ট মহামহিম শ্রী ভ্লাদিমির পুতিনের সঙ্গে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ সাক্ষাৎ করেন।

2. নেতারা অর্থনৈতিক, আর্থিক এবং শক্তি খাতে দ্বিপাক্ষিক সহযোগিতা সম্পর্কে আলোচনা করেন এবং এই ক্ষেত্রে দ্বিপাক্ষিক সম্পর্ক যেমন ধারাবাহিক ভাবে বৃদ্ধি পেয়েছে, তাতে সন্তুষ্টি প্রকাশ করেন।

3. দুই নেতা ইউক্রেন সম্পর্কিত সাম্প্রতিক ঘটনাবলী সহ আঞ্চলিক এবং আন্তর্জাতিক বিভিন্ন বিষয় নিয়েও আলোচনা করেন। ইউক্রেনে সংঘাতের সমাধানের জন্য গৃহীত সাম্প্রতিক উদ্যোগের প্রতি প্রধানমন্ত্রী মোদী তার সমর্থনের পুনরাবৃত্তি করেন এবং সংঘাতের সমাপ্তি ত্বরান্বিত করার ও দীর্ঘস্থায়ী শান্তি সমাধান খুঁজে বের করার প্রয়োজনীয়তার উপর জোর দেন।

4. দুই নেতা দুই দেশের মধ্যে বিশেষ এবং বিশেষাধিকারপ্রাপ্ত কৌশলগত অংশীদারিত্বকে আরও শক্তিশালী করার জন্য তাদের সমর্থন পুনরায় নিশ্চিত করেন। প্রেসিডেন্ট পুতিনকে প্রধানমন্ত্রী জানান যে, এই বছরের শেষে 23তম বার্ষিক সম্মেলন উপলক্ষ্যে ভারতে পুতিনের আগমন প্রত্যাশা করছেন তিনি।

তিয়ানজিন

01 সেপ্টেম্বর, 2025